কুষ্টিয়ায় গত ২৪ ঘন্টায় নতুন ৩ করোনা রোগী শনাক্ত

কুষ্টিয়ায় গত ২৪ ঘন্টায় নতুন করে ৩ জন করোনা রোগী শনাক্ত হয়েছে। কুষ্টিয়া সিভিল সার্জন অফিস সূত্রে জানা যায়, গতকাল মঙ্গলবার কুষ্টিয়া মেডিকেল কলেজ পিসিআর ল্যাব থেকে কুষ্টিয়ার ৭০ টি নমুনা পরীক্ষার রিপোর্ট পাওয়া গেছে যার মধ্যে ৬৭টি নেগেটিভ ও ৩টি পজেটিভ।

৩ টির মধ্যে একজন কুষ্টিয়া দৌলতপুরের পূর্বেসনাক্ত যার পুনরায় পরীক্ষার (জবঃবং◌ঃ) রিপোর্ট পজেটিভ এসেছে। বাকীঁ দুই জন রোগীর কুষ্টিয়া দৌলতপুর উপজেলার মরিচা ইউনিয়নের কোলদিয়ার গ্রামের বাসিন্দা (১৫ বছর) এবং অপরজন কুমারখালী উপজেলার ছেঁউড়িয়ার বাসিন্দা (৬৬ বছর)।

আক্রান্ত দুইজনই পুরুষ। এই নিয়ে কুষ্টিয়ায় মোট ৩০ জন করোনা রোগী শনাক্ত হল। উপজেলা ভিত্তিক রোগী- দৌলতপুর ১২, ভেড়ামারা ২, মিরপুর ৬, কুষ্টিয়া সদর ৩, কুমারখালী ৬, খোকসা ১।

কুষ্টিয়ার ভেড়ামারায় দুর্বৃত্তদের গাছের সঙ্গে শত্রুতা

কুষ্টিয়ার ভেড়ামারার হাওয়াখালী এলাকায় দুর্ব্ত্তৃ কর্তৃক শতাধিক গাছ কেটে ফেলার অভিযোগ পাওয়া গেছে।

এ ব্যাপারে ভেড়ামারা থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে গাছের মালিক। ভেড়ামারা বিলশুকা এলাকার মৃত কিতাব আলী প্রামানিকের ছেলে আবু বক্কার সিদ্দিকের লিখিত অভিযোগ ও থানা সুত্রে জানা গেছে, ভেড়ামারা-মাদিয়া সড়কের হাওখালি আখ সেন্টারের দক্ষিণ পাশে গতকাল

মঙ্গলবার সন্ত্রাসীরা শতাধিক আম, লিচু ও মেহেগুনি গাছ কর্তন করেছে।

এছাড়াও সবজীর বাগানে ব্যাপক ক্ষতি সাধিত করেছে। এত প্রায় ১ লাখ টাকা ক্ষতি সাধিত করেছে।

এ ব্যাপারে সুষ্ঠ তদন্তের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করেছে।

কুমারখালীতে বিয়ের প্রলোভন দেখিয়ে স্কুল ছাত্রীকে ধর্ষণের চেষ্টা

কুষ্টিয়ার কুমারখালীতে বিয়ের প্রলোভন দেখিয়ে স্কুল ছাত্রী (১৬) কে ধর্ষণের চেষ্টাকালে উল্লেখিত ছাত্রীর চিৎকারে পরিবারের লোকজন শাকিল আহমেদ (২২) নামের একজনকে আটকে রেখে পুলিশে সোপর্দ করেছে।

গত সোমবার রাত ১১ টার দিকে উপজেলার যদুবয়রা ইউনিয়নের জোতমোড়া গ্রামের পশ্চিম পাড়ার শাহাবুদ্দিনের ছেলে শাকিল প্রেম ঘটিত সম্পর্কের সুত্র ধরে জোতমোড়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রীর ঘরে প্রবেশ করে ধর্ষনের চেষ্টাকালে মেয়েটির চিৎকারে পরিবারের লোকজন ঠিক পেয়ে তাকে আটকে রেখে পুলিশে দেয়।

এঘটনায় স্কুল ছাত্রী নিজেই বাদী হয়ে থানায় একটি মামলা দায়ের করেছে। মামলা নং ১৫, তাং ১৯-০৫-২০২০।

কুমারখালী থানার অফিসার ইনচার্জ মজিবুর রহমান জানান, আসামী শাকিল বিয়ের প্রলোভন দেখিয়ে রাতে মেয়েটির শয়ন কক্ষে প্রবেশ করে ইচ্ছার বিরুদ্ধে ধর্ষণের চেষ্টা করে। এ ঘটনায় মেয়েটি বাদী হয়ে মামলা দায়ের করেছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মঙ্গলবার আকস্মিক ভাবে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনে আসেন তিনি।

পরিদর্শনকালে তিনি হাসপাতালে রোগীদের খোঁজখবর নেন এবং কর্মরত চিকিৎসক ও স্বাস্থ্য সেবা প্রদানকারী কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ওবাইদুর রহমান, কুমারখালী পৌরসভার মেয়র সামসুজ্জামান অরুন, কুমারখালী ইউএইচএফপিও ডা: আকুল উদ্দিন, কুষ্টিয়া নেজারত ডেপুটি কালেক্টর মুসাব্বিরুল ইসলাম, কুমারখালী সহকারী কমিশনার (ভূমি) মুহাইমিনু আল জিহান ও কুমারখালী অফিসার ইনচার্জ মজিবুর রহমান উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া ভেড়ামারা ইউএনও’র সাঁড়াশি অভিযানে অর্থদন্ড

কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে দোকান মালিক, মহিলা ক্রেতা সহ বিভিন্ন জনকে ৫৩ হাজার টাকা অর্থদন্ড করা হয়েছে।

করোনা ভাইরাস মোকাবিলায় মানুষকে নিরাপদ রাখতে গতকাল মঙ্গলবার ভেড়ামারা বাজারে উপজেলার সুযোগ্য নির্বাহী অফিসার সোহেল মারুফ এই অভিযান পরিচালনা করেন।

দোকানের শাটার তালাবদ্ধ অবস্থায় অনেক ক্রেতাকে দেখা যায় যার বেশিরভাগ মহিলা। এমতাবস্থায় ১৫ জন মহিলাকে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ৮ হাজার টাকা, একই আইনে বৃষ্টি সু প্যালেস দোকানকে ৩০ হাজার টাকা ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ মোতাবেক ২ টি দোকানকে ১৫ হাজার টাকা অর্থদণ্ড করেন।

এ সময় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়ার সহকারী পরিচালক ও ভেড়ামারা থানা পু্লশি উপস্থিত ছিলেন।

এছাড়াও জেলার বিভিন্ন উপজেলায় ৪৫টি মামলায় ৮০ হাজার টাকা জরিমানা আদায় করেছে প্রশাসন।

আলমডাঙ্গায় তারেক রহমানের উপহার পৌঁছে দিলেন বিএনপি নেতা শরীফ

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের ক্ষতিগ্রস্ত ও নির্যাতিত নেতা-কর্মী- সমর্থকসহ করোনাকালে ক্ষতিগ্রস্ত অস্বচ্ছল পরিবারের মধ্যে দেশনায়ক তারেক রহমানের উপহার-সামগ্রী পৌঁছে দিয়েছেন জেলা বিএনপির সদস্য ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে বিএনপি মনোনীত ধানের শীষের প্রার্থী শরীফুজ্জামান শরীফ।

গতকাল মঙ্গলবার সকাল আটটায় চুয়াডাঙ্গা সদরের কুতুবপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে বিএনপি নেতা শরীফুজ্জামান শরীফের সহযোগিতায় স্থানীয়দের মধ্যে এ উপহার প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদর থানা বিএনপির সাবেক সিনিয়র সহসভাপতি ও কুতুবপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান নজরুল ইসলাম নজু, ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি একরামুল হক, আব্দুল মজিদ, খাজা, আমির মেম্বার, বিল্লাল মেম্বার, মোশরফ, যুবদল নেতা মসিউর, ছাত্রনেতা মাহবুব প্রমুখ।

পরে আলমডাঙ্গা পৌর বিএনপির আয়োজনে উপজেলা যুবদলের প্রয়াত নেতা বল্টু, হারদী ইউনিয়ন বিএনপির নেতা মৃত সবুর ও কালিদাসপুর ইউনিয়ন বিএনপির নেতা মৃত শওকতে বাড়িতে উপস্থিত হয়ে তাঁদের পরিবারের খোঁজখবর নেওয়াসহ তাঁদের একটি করে সেলাই মেশিন ও খাদ্যসামগ্রী প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ও ডাউকি ইউনিয়ন পরিষদের সাবেক আহ্বায়ক আব্দুল জব্বার, আলমডাঙ্গা পৌর বিএনপির সাবেক সভাপতি আনিসুর রহমান আনিস, সাধারণ

সম্পাদক আজিজুর রহমান পিণ্টু, আইনাল হক, জিল্লুর রহমান ওল্টু, চুয়াডাঙ্গা পৌর বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা জাসাসের সাধারণ সম্পাদক মো. সেলিমুল হাবিব সেলিম, চমক, গোলাম হোসেন, যুবদলের নেতা খাইরুল, রফিকুল, পৌর যুবদলের সদস্যসচিব কনক, সোহাগ, চুয়াডাঙ্গা জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক আমান উল্লাহ আমান, আরিফ আহমেদ শিপলব, ছাত্রনেতা সুমন প্রমুখ।

আলমডাঙ্গায় মেডিকেল টেকনোলজিষ্ট করোনায় আক্রান্ত

আলমডাঙ্গায় করোনা কাজে নিয়োজিত মেডিকেল টেকনোলোজিষ্ট (স্বেচ্ছা সেবি) এর করোনা পজেটিভ রিপোর্ট এসেছে।

গতকাল মঙ্গলবার সকালে তার ঈড়ারফ-১৯ রিপোর্ট আসে সে পজিটিভ। কিন্ত তার কোনো উপসর্গ এখনো পর্যন্ত নেই। সে ভালো আছে, সুস্থ্য আছে। তিনি গত ৬ মে তারিখ হতে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বেচ্ছাসেবক হয়ে নমুনা সংগ্রহের কাজে যোগদান করে। পরিবার পরিজনের নিষেধ উপেক্ষা করে দেশ এবং দশের কল্যানে নিজের ব্যবস্যা প্রতিষ্ঠান বন্ধ রেখে বিনা বেতনে ঈঙঠওউ-১৯ এর নমুনা সংগ্রহের কাজ শুরু করে।

আলমডাঙ্গা উপজেলার মানুষের কথা চিন্তা করেই এই যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। কারন সে জানায় আমি একজন মেডিকেল টেকনোলজিস্ট হিসেবে বর্তমান সময়ে ঘরে বসে থাকতে পারিনি। দুঃখ হচ্ছে এতো তাড়াতাড়ি আমাকে করোনার কাছে মাথা নত করতে হলো। আজ সম্ভবত আমার উপজেলায় নতুন নমুনা সংগ্রহ হয়নি।

এর আগে গত ১২ মে তারিখে তার ১ম রিপোর্ট নেগেটিভ আসে সে পর্যন্ত সে নিজ বাড়িতেই ছিল। ১৩ তারিখ থেকে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হাদি জিয়াউদ্দিন আহমেদের নির্দেশনায় তার দেওয়া আবাসন ব্যবস্থা গ্রহন করে, এবং সেখানেই অবস্থান করে যথারীতি নমুনা সংগ্রহের কাজ করতে থাকে। এবং ১৫ মে তারিখে নতুন করে নমুনা দেয়।

১৭ মে তারিখে রিপোর্ট পজিটিভ আসে। মঙ্গলবার অফিসিয়ালি রিপোর্ট আসার পর ডা. হাদি জিয়াউদ্দিন আহম্মদের পরামর্শে প্রাতিষ্ঠানিক আইসোলশনে আছে। স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎক প্রতিনিয়ত তার খোঁজ খবর রাখছেন। তার এখনো কোনো প্রকার উপসর্গ দেখা দেইনি।

মঙ্গলবার থেকে অনেক শুভাকাক্সক্ষীরা ফোনে খোঁজখবর নিয়েছে, তার করোনা পজেটিভের কথা চিকিৎসক ব্যাতিত কাউকে জানাতে চাইনি। পরে তার পরিবারকে জানিয়েছে। তার বর্তমান অবস্থা নিয়ে বন্ধু বান্ধব সহ সবাই খুব চিন্তিত, বিশেষ করে মুন্সিগঞ্জ এলাকার লোকজন।

তিনি গত ১৩ মের পর থেকে তার নিজ এলাকায় যায়নি। এবং তখন থেকে সে নিজ বাড়িতে আলাদা একা একটি ঘরে থাকত। এবং আলাদা বাথরুম সহ খাওয়া দাওয়া সব আলাদা করত। এমনকি ইফতারিও আলাদা করত।

তিনি সুস্থ্য আছে, স্বাভাবিক আছে। সে তার জন্য সকলের কাছে দোয়া চেয়েছে, যেন দ্রুত সুস্থ্য হয়ে আবারও সকলের সেবায় নিজেকে নিয়োজিত রাখতে পারে।

আলমডাঙ্গায় বোরোধান সংগ্রহের উদ্বোধন

আলমডাঙ্গা উপজেলায় সরকারি ভাবে বোরো ধান সংগ্রহের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা খাদ্য গুদামে আনুষ্ঠানিক ভাবে বোরো ধান সংগ্রহের উদ্বোধন করা হয়েছে। ধান সংগ্রহ পুর্ব সংক্ষিপ্ত সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী।

প্রধান অতিথির বক্তব্যে ছেলুন এমপি বলেন, আপনারা প্রকৃত চাষিদের কাছ থেকে ধান ক্রয় করবেন। আমি জানি, আপনারা স্বচ্ছতার জন্য লটারির মাধ্যমে চাষি নির্বাচিত করেছেন, কিন্ত আমাদের সমাজে এক

শ্রেনীর টাউট আছে, যারা চাষিদের নানা ভাবে হয়রানির ভয় দেখিয়ে দু’পাচশত টাকা দিয়ে স্লিপ কিনে নিয়ে তারা ধান ঢোকাবে। সেদিকে আপনারা সজাগ থাকবেন, করোনায় চাষিরা বিপর্যস্ত, তারা যেন ধানের ন্যায্য মুল্য থেকে বন্চিত না হয়।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন, পৌর মেয়র হাসান কাদীর গনু, জেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার,

থানার অফিসার ইনচার্জ আলমগীর কবির, খাদ্যকর্মকর্তা মোফা খাইরুল ইসলাম, খাদ্য পরিদর্শক রাকিবুল ইসলাম, গুদাম রক্ষক মিয়াজান হোসেন, খাদ্যউপ-পরিদর্শক রেবেকা পারভীন, ইউপি চেয়ারম্যান নজরুল ইসলাম, আবু সাইদ পিন্টু, মিলচাতাল মালিক সমিতির সভাপতি আশরাফুল ইসলাম, সম্পাদক তোফাজ্জেল হোসেন, জয়নাল আবেদিন, হান্নান শাহ, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সম্পাদক মতিয়ার রহমান ফারুক, যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু,

৬ নংওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রেজাউল হক তবা, ভাংবাড়িয়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আসাবুল হক ঠান্ডু, হারদী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আসিকুর রহমান ওল্টু, মিল মালিক পিন্টু মিয়া, মুকুল মল্লিক, জয়নাল ক্যাপ, এসআই রফিক, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সম্পাদক হামিদুল ইসলাম আজম, সাংবাদিক আতিয়ার রহমান মুকুল, প্রশান্ত বিশ্বাস, শরিফুল ইসলাম, কৃষক মজিবুল ইসলাম প্রমুখ।

পরে ফিতা কেটে বোরো সংগ্রহের উদ্বোধন করেন।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে

প্রধানমন্ত্রীর ত্রাণ বিতরণের উদ্বোধন

চলমান কোভিড-১৯ করোনা মহামারীতে ক্ষতিগ্রস্ত দুঃস্থ ও অসহায় পরিবারের মাঝে মেহেরপুর পৌরসভায় ১ হাজার পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ১৫’কেজি করে চাউল বিতরণের উদ্বোধন করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর পৌরসভা প্রাঙ্গণে পৌর মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজ রহমান রিটন চাল বিতরণের উদ্বোধন করেন।

এসময় পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী মেহেরপুর পৌর এলাকার দরিদ্র ও নিম্নবিত্ত পরিবারের তালিকা করে প্রতিটি পরিবারের মাঝে ১৫ কেজি করে চাল বিতরণ করা হচ্ছে। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা মেনে আমাদের সবাইকে দুর্নীতি ও অনিয়মের বিরুদ্ধে থেকে আন্তরিকতা, সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করে যেতে হবে। তিনি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, যদি কোনো কর্মকর্তা-কর্মচারী অনিয়ম ও দুর্নীতির সঙ্গে জড়িত হয়ে পড়ে তবে তাদের বিরুদ্ধে তদন্ত করে বিভাগীয় মামলা সহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সেজন্য আমরা যারা রাজনৈতিকভাবে প্রতিনিধিত্ব করছি তাদের প্রতি আমার অনুরোধ জননেত্রী শেখ হাসিনার সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয় আমাদেরকে ঐক্যবদ্ধ ভাবে জনগণের সেবায় কাজ করে যেতে হবে।

এসময় উপস্থিত ছিলেন পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান, পৌর কাউন্সিলর শাকিল ইভান, সৈয়দ আব্দুল্লাহ হেল বাপ্পি, নুরুল আশরাফ রাজিব, যুবলীগ নেতা আমানুর রহমান সোহেল, শেখ সারাফাত, রোকন খান ,সদর থানা ছাত্রলীগের সাধারন সম্পাদক ফয়সাল আহমেদ সহ পৌরসভার কর্মচারীগন।